

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

بَابُ الْإِعْتِصَامِ بِالْكِتَابِ وَالسُّنْنَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الْإِيمَانَ لِيَأْرِزُ إِلَى الْمَدِينَةِ كَمَا تَأْرِزُ الْحَيَّةَ إِلَى جَرَهَا»

বাংলা

১৬০-[২১] উক্ত রাবী (আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন : ইসলাম মদীনার দিকে এভাবে ফিরে আসবে যেভাবে সাপ (পরিশেষে) তার গর্তে ফিরে আসে। (বুখারী ও মুসলিম)[1]

আবু হুরায়রাহ (রাঃ)-এর হাদীস "যারুনী মা- ত্বরাকতুকুম" কিতাবুল মানাসিকে এবং মু'আবিয়াহ এবং জাবির (রাঃ)-এর হাদীস দু'টি "লা- ইয়ায়া-লু মিন উম্মাতী" এবং "লা- ইয়ায়া-লু ত্ব-যিফাতুম মিন উম্মাতী"। আমরা শীঘ্রই "সাওয়া-বি হা-যিহিল উম্মাতি" অধ্যায়ে বর্ণনা করবো ইন-শা-আল্লাহ।

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাবার্থ এই যে, শেষ যামানায় যখন প্রকৃত ইসলামপন্থীর সংখ্যা কমে যাবে তখন ঈমানদার ব্যক্তিরা তাদের ঈমান-ইসলামের হিফায়াতের জন্য মদীনার দিকে ফিরে যাবে এবং সর্বশেষ সেখানেই অবস্থান করবে। এখানে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈমান এবং ঈমানদার ব্যক্তিদের পলায়ন করে মদীনায় গিয়ে আশ্রয় নেয়ার দৃষ্টান্ত দিয়েছেন সাপের সঙ্গে। যে সাপ মানুষের ভয়ে পলায়ন করে গর্তে গিয়ে আশ্রয় নেয়। যখন দাজ্জাল পৃথিবীতে এটা সেই অবস্থা আসবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54719>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন